

# বাংলাদেশ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গেজেট



## কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২০, ২০১৭

### ৩য় খণ্ড

#### প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজাপনসমূহ

##### প্রতিরক্ষা মন্ত্রণালয়

##### প্রজ্ঞাপন

তারিখ: ২০ আষাঢ় ১৪২৪/৮ জুলাই ২০১৭

নং ২৩.০০.০০০০.০১০.৬২.০০৭.১৬-২৮৯—আদিষ্ট হয়ে বাংলাদেশ সেনাবাহিনীর ৭৪তম বাংলাদেশ মিলিটারি একাডেমি (বিএমএ)'র দীর্ঘমেয়াদী নিয়মিত কোর্সের ক্যাডেট (বর্তমানে কর্মকর্তা) বিএ-৯৪ ৭৫ মোঃ মনিরুজ্জামান পলাশ নেপালিজ মিলিটারি একাডেমি, নেপাল হতে কমিশন লাভ করায় তাঁকে পদাতিক কোরে সেকেন্ড লেফটেন্যান্ট পদবিতে ২৫ মে ২০১৬ তারিখ থেকে নিয়মিত কমিশন প্রদান করা হলো।

২। একইসঙ্গে তাঁকে কমিশনের তারিখ ২৫ মে ২০১৬ থেকে ১ জুন ২০১৬ তারিখ পর্যন্ত প্রবীণতা প্রদান করা হলো। এ প্রবীণতা তাঁর জ্যেষ্ঠতা ও পদোন্নতির ক্ষেত্রে প্রযোজ্য হবে; তবে এক্ষেত্রে তাঁকে কোন প্রকার বকেয়া বেতন ও ভাতাদি প্রদান করা হবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহম্মদ আশরাফ আলী ফারুক  
উপসচিব।

##### প্রজাপনসমূহ

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৪/২৯ জুন ২০১৭

নং ২৩.০০.০০০০.২২০.১১.০০১.১৬-৮১২—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সেনাসদর, জিএস শাখা, শিক্ষা পরিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘এস্টাবলিশমেন্ট অব ইংলিশ ভার্সন ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ আন্ডার ন্যাশনাল কারিকুলাম অ্যাট কুমিল্লা ক্যান্টনমেন্ট’ শীর্ষক প্রকল্পে লে: কর্ণেল তারিক মাহমুদ, অধিনায়ক ৬ বীর, কুমিল্লা সেনানিবাস-কে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্বে ‘প্রকল্প পরিচালক’ হিসাবে নিয়োগ প্রদান করা হলো। তিনি বিধি মোতাবেক অতিরিক্ত দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৮ আষাঢ় ১৪২৪/২ জুলাই ২০১৭

নং ২৩.০০.০০০০.২২০.১১.০০১.১৬-৮১৮—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘বাংলাদেশ আঞ্চলিক আবহাওয়া ও জলবায়ু সেবা প্রকল্পের আওতায় আবহাওয়া তথ্য সেবা ও আগাম সর্তর্কবাণী পদ্ধতি জোরদারকরণ (কম্পোনেন্ট-এ)’ শীর্ষক প্রকল্পের জন্য জনাব আহমদ আরিফ রশীদ, উর্ধ্বর্তন যান্ত্রিক প্রকৌশলী-কে স্বেতনে ‘পূর্ণকালীন প্রকল্প পরিচালক’ হিসাবে নিয়োগ প্রদান করা হলো। তিনি তাঁর বেতন ও যাবতীয় ভাতাদি তাঁর বর্তমান পদ থেকে গ্রহণ করবেন।

২। একইসাথে তাঁকে জাইকা সহায়তাপুষ্ট ‘ঢাকা ও রংপুরস্থ আবহাওয়া রাডারের উন্নয়ন’ শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালকের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হলো। তিনি বিধি মোতাবেক অতিরিক্ত দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ২৩.০০.০০০০.২২০.১১.০০১.১৬-৮১৯—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন এমআইএসটি কর্তৃক বাস্তবায়নাধীন ‘মিলিটারি ইনসিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি), মিরপুর সেনানিবাস এর অবকাঠামোগত সুবিধা সম্প্রসারণ’ শীর্ষক প্রকল্পের জন্য ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ আবদুল ওহাব, পরিচালক (গবেষণা ও উন্নয়ন), এমআইএসটি, ঢাকা-কে স্বেতনে ‘পূর্ণকালীন প্রকল্প পরিচালক’ হিসেবে নিয়োগ প্রদান করা হলো। তিনি তাঁর বেতন ও যাবতীয় ভাতাদি তাঁর বর্তমান পদ থেকে গ্রহণ করবেন।

২। একইসাথে তিনি এমআইএসটির পরিচালক (গবেষণা ও উন্নয়ন) এর অতিরিক্ত দায়িত্ব পালন করবেন। তিনি বিধি মোতাবেক অতিরিক্ত দায়িত্ব ভাতা প্রাপ্ত হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ২৩.০০.০০০০.২২০.১১.০০১.১৬-৮২০—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (ডিজিএমএস) কর্তৃক বাস্তবায়নাধীন ‘ঢাকা সিএমএইচ এ ক্যান্সার সেন্টার নির্মাণ’ শীর্ষক প্রকল্পের জন্য কর্ণেল মোঃ ইউনুচুর রহমান, কমিউনিটি মেডিসিন বিশেষজ্ঞ, সিএমএইচ, ঢাকা-কে স্বেতনে ‘পূর্ণকালীন প্রকল্প পরিচালক’ হিসেবে নিয়োগ প্রদান করা হলো। তিনি তাঁর বেতন ও যাবতীয় ভাতাদি তাঁর বর্তমান পদ থেকে গ্রহণ করবেন।

২। একইসাথে তাঁকে সিএমএইচ, ঢাকা এর কমিউনিটি মেডিসিন বিশেষজ্ঞের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হলো। তিনি বিধি মোতাবেক অতিরিক্ত দায়িত্ব ভাতা প্রাপ্ত হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ২৩.০০.০০০০.২২০.১১.০০১.১৬-৮২১—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সেনাসদর, জিএস শাখা, শিক্ষা পরিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘বঙ্গবন্ধু সামরিক জাদুঘর নির্মাণ, বিজয় সরণি, ঢাকা’ শীর্ষক প্রকল্পের জন্য কর্ণেল মোঃ মুনিরুজ্জামান, প্রধান প্রশিক্ষক, এমইএস ট্রেনিং সেল-কে স্বেতনে ‘পূর্ণকালীন প্রকল্প পরিচালক’ হিসেবে নিয়োগ প্রদান করা হলো। তিনি তাঁর বেতন ও যাবতীয় ভাতাদি তাঁর বর্তমান পদ থেকে গ্রহণ করবেন।

২। একইসাথে তাঁকে এমইএস ট্রেনিং সেলের প্রধান প্রশিক্ষক এর অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হলো। তিনি বিধি মোতাবেক অতিরিক্ত দায়িত্ব ভাতা প্রাপ্ত হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মোহাম্মদ জোবায়েদ হোসেন  
সিনিয়র সহকারী প্রধান।